এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (সৃজনশীল)

**বিষয় কোড : ২৮৬**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ রহিম ও জসিম একটি দর্জি দোকান স্থাপন করে ব্যবসায় পরিচালনা করে। প্রথমে একজন কর্মচারী নিয়োগ করে কার্যক্ষেত্র পরিচালিত হলেও ব্যবসার পরিধি বৃদ্ধির কারণে আরো ৪/৫ জন কর্মচারী নিয়োগ দেন। তাঁরা কাজ ও শ্রমিক দেখে পারিশ্রমিক দিয়ে থাকেন। ভবিষ্যতে উৎপাদন বৃদ্ধির জন্য তারা কর্মীদের সন্তুষ্টির উপর জোর দিতে আগ্রহী।

ক. উৎপাদন বলতে কী বুঝ? ১

খ. উৎপাদনশীলতা কাকে বলে? ২

গ. কর্মীদের পারিশ্রমিক প্রদানে রহিম ও জসিম উৎপাদনশীলতার কোন প্রক্রিয়াকে প্রাধান্য দিচ্ছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কর্মসন্তুষ্টি উৎপাদনে কিরূপ প্রভাব বিস্তার করতে পারে বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

২.▶ জনাব শাহী তার কারখানায় উৎপাদন কর্মকাণ্ড পরিচালনার জন্য পর্যাপ্ত ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন সংগ্রহ করেন। এর পাশাপাশি দক্ষ জনশক্তি নিয়োগ দিয়ে একটি শক্তিশালী সংগঠন কাঠামো গড়ে তোলেন। ফলে প্রতিষ্ঠানের উৎপাদন কর্মকাণ্ডে ব্যাপক গতিশীলতা আসে। ভবিষ্যতে কারখানা সম্প্রসারণের লক্ষ্যে তিনি বিভিন্ন উৎস হতে প্রয়োজনীয় অর্থ সংগ্রহের সিদ্ধান্ত নেন।

ক. উৎপাদনের উপকরণ কী কী? ১

খ. শ্রম বিভাগ বলতে কী বুঝ? ২

গ. দক্ষ সংগঠন কীভাবে উৎপাদন বৃদ্ধিতে সাহায্য করে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কারখানা সম্প্রসারণের লক্ষ্যে কোন কোন উৎস হতে অর্থ সংগ্রহ যৌক্তিক হবে বলে তুমি মনে করো। ৪

৩.▶ জনাব কাশেম দেশে সাবানের ব্যাপক চাহিদা দেখে সকল সুযোগ-সুবিধা সংবলিত একটি সাবান শিল্প স্থাপনের উদ্যোগ নেন। তাঁর এ উদ্যোগে সারা দিয়ে ঢাকা ব্যাংক লিমিটেড মূলধন যোগানে এগিয়ে আসে। তিনি চাহিদার অতিরিক্ত উৎপাদন না করার সিদ্ধান্ত নেন।

ক. উৎপাদন মাত্রা কী? ১

খ. মাত্রাজনিত ব্যয় সংকোচ কী? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব কাশেম কী ধরনের এন্টারপ্রাইজ গড়ে তুলেছিলেন— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে চাহিদার অতিরিক্ত উৎপাদনের ঝুঁকির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪. ▶ আজাদ সাহেবের কয়েকটি মৎস্য খামার আছে। এছাড়া তাঁর একটি মৎস্য আড়ৎও আছে। তিনি মাছ বিদেশেও রপ্তানি করেন। তাঁর রপ্তানি আয়ের পরিমাণ ১০ কোটি টাকা। তাঁর খামারে অনেক শ্রমিক কর্মচারী নিয়োজিত রয়েছে।

ক. সামষ্টিক পর্যায়ের উৎপাদন কী? ১

খ. সামষ্টিক পর্যায়ের উৎপাদনের সুবিধা কী? ২

গ. আজাদ সাহেবের মৎস্য উৎপাদন কাজে কীসের প্রতিফলন লক্ষ্য করা যায়, ব্যাখ্যা করো। ৩

ঘ. আজাদ সাহেবের দেশের সামষ্টিক উৎপাদনে ভূমিকা দেখে তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ আকাশ একজন টেক্সটাইল প্রকৌশলী। তিনি কপতাক্ষ্য টেক্সটাইলে উৎপাদন ব্যবস্থাপক হিসেবে যোগদান করেছেন। তিনি ক্রেতাদের চাহিদা পর্যালোচনা করে নতুন নতুন ডিজাইনের কাপড় উৎপাদনের পরামর্শ দেন। এজন্য উৎপাদন পদ্ধতিতে পরিবর্তন আনা হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

ক. সেবা কী? ১

খ. উৎপাদনশীলতা কীভাবে চ্যালেঞ্জ সৃষ্টি করে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত নতুন নতুন ডিজাইনের কাপড় উৎপাদনের পরামর্শ দেওয়ার কারণ কী? ৩

ঘ. উৎপাদন পদ্ধতিতে পরিবর্তন আনা না হলে কী ধরনের সমস্যা সৃষ্টি হতে পারে বলে তুমি মনে কর? ৪

৬. ▶ জনাব টিটু একজন ফ্যাশন ডিজাইনার। তিনি পণ্য ডিজাইন পরিকল্পনা ও উন্নয়নে অত্যন্ত দক্ষ ও যোগ্যতা সম্পন্ন লোক নিয়োগ করেছেন। ফলে তাঁর পণ্য দেশি-বিদেশি ক্রেতাদের কাছে অত্যন্ত জনপ্রিয়। তিনি বিক্রয় ও বাজারজাতকরণে ব্যাপক সফলতা পেয়েছেন।

Teachingbd.com

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. পণ্য ডিজাইন গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকে জনাব টিটুর সফলতার কারণ কী? ৩

ঘ. উদ্দীপকে জনাব টিটুর দীর্ঘমেয়াদি বাজারজাতকরণে সফলতা ধরে রাখার জন্য কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলে তুমি মনে করো। ৪

৭. ▶ সুমা ফ্যাশন গত ঈদে তাদের তৈরি পোশাক বাজারজাত করছিল। এবার ঈদেও তারা তাদের পোশাকের মান উন্নত করতে চায়। কারণ বাজারে তাদের প্রতিযোগী ব্র্যান্ড রয়েছে। সুমা ফ্যাশনের ধারণা তাদের পণ্য বা সেবার মান উন্নত হলে সেগুলো ক্রেতাদের আকর্ষণ করবে। এখানে মূল্য মূল বিবেচ্য বিষয় নয়। তাই তারা পণ্যের মান ব্যবস্থাপনার উপর সর্বাধিক গুরুত্বারোপ করল।

ক. সার্বিক মান ব্যবস্থাপনা কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনার গুরুত্ব আলোচনা করো। ২

গ. সুমা ফ্যাশনের পণ্যের মান নিশ্চিত করণের জন্য করণীয় কী? ৩

ঘ. সুমা ফ্যাশনের পণ্যের সার্বিক মান ব্যবস্থাপনার ফলাফল ব্যাখ্যা করো। ৪

৮. ▶ আহাদ আলি ২০১২ সালে সিলেটে একটি এগ্রোফুড কারখানা স্থাপন করেন। শুরু থেকেই প্রতিষ্ঠানটিতে প্রতি ৮ ঘণ্টায় ৫,০০০ ক্যান জেলি উৎপাদন ক্ষমতা থাকলেও তিনি ৩,০০০ ক্যান উৎপাদনের সিদ্ধান্ত নেন। ফলে কোনো প্রকার সমস্যা ছাড়াই প্রতিষ্ঠানটি চলতে সক্ষম হলো।

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. উৎপাদন ক্ষমতা কয় প্রকার? ২

গ. উদ্দীপকে উৎপাদন ক্ষমতা পরিমাপের কোন পদ্ধতি প্রয়োগ করা হয়েছে? ৩

ঘ. উদ্দীপকের আলোকে উৎপাদন ক্ষমতার যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯. ▶ জনাব আলিম একজন ব্যবসায়ী। তিনি সম্প্রতি ব্যবসায় স্থাপনের জন্য অনুকূল পরিবেশ খুঁজছেন। কিন্তু স্থান সংকুলানের অভাবে তিনি ব্যবসায় সম্প্রসারণ করতে পারছেন না। তাছাড়া কারখানা অবস্থানের জন্য বিভিন্ন স্থানে আলাপ-আলোচনা করছেন।

ক. ব্যবসায় অবস্থান বলতে কী বুঝ? ১

খ. কেন্দ্রীয়করণ কাকে বলে? ২

গ. জনাব আলিম ব্যবসায় অবস্থানে কোন কোন বিষয় বিবেচনা করেছেন? ৩

ঘ. জনাব আলিমের কারখানার সমস্যা কীভাবে সমাধান করা যায়? ৪

Teachingbd.com

http://teachingbd.com

## বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | 2 | 8 | 6 |

সময় : ৪০ মিনিট  পূর্ণমান-৪০

**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

---

১. উৎপাদনশীলতা কিসের উপর নির্ভর করে?
(ক) উৎপাদনের দক্ষতা (খ) মান নিয়ন্ত্রণ
(গ) মজুদ নিয়ন্ত্রণ (ঘ) উৎপাদন নিয়ন্ত্রণ

২. টঙ্গীতে অবস্থিত একটি গার্মেন্টসে উৎপাদনের উপকরণ একই থাকা সত্ত্বেও উৎপাদন আগের তুলনায় বেশ বৃদ্ধি পেয়েছে। উৎপাদন বৃদ্ধি পাওয়ার কারণ হলো—
i. শ্রমিকের দক্ষতা বৃদ্ধি ii. মূলধন বৃদ্ধি
iii. পূর্বের চেয়ে উন্নত কার্য পরিবেশ সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) i ও iii (ঘ) ii ও iii

৩. মূলধন বৃদ্ধির প্রক্রিয়াকে কী বলা হয়?
(ক) মূলধন (খ) মূলধন গঠন
(গ) মূলধনের গতিশীলতা (ঘ) সংগঠন

৪. কিসের মাধ্যমে সকল মানবীয় ও অমানবীয় সম্পদ একত্রিত করা হয়?
(ক) ভূমি (খ) শ্রম (গ) মূলধন (ঘ) সংগঠন

৫. নিজস্ব দোকান, পর্যাপ্ত কর্মচারী ও সাংগঠনিক দক্ষতা থাকা সত্ত্বেও জনাব কিরণ তার শাহবাগের ফুলের দোকানটি সম্প্রসারণ করতে পারছেন না। জনাব কিরণের ফুলের দোকানটি সম্প্রসারণে উপাদানের কোন উৎপাদনের ঘাটতি রয়েছে?
(ক) ভূমি (খ) শ্রম (গ) মূলধন (ঘ) সংগঠন

৬. জনাব সাকিন চাঁপাইনবাবগঞ্জ থেকে আম কিনে ট্রাকে করে ঢাকায় নিয়ে আসেন এবং বিভিন্ন শপিং সেন্টারে সরবরাহ করেন। জনাব সাকিনের কার্যক্রমের ফলে যে উপযোগ সৃষ্টি হয় তা হলো—
i. স্থানগত উপযোগ ii. স্বত্বগত উপযোগ
iii. সময়গত উপযোগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. মিসেস অনন্যা নিজেকে প্রতিষ্ঠিত করার জন্য মিরপুরের নিজস্ব বাসায় একটি রুম ডেকোরেশন করে 'কুইন' নামে 'বিউটি পার্লার' আরম্ভ করেন। প্রথমে এলাকাভিত্তিক প্রসারের জন্য তিনি প্রত্যেক বাড়িতে বাড়িতে পত্রিকার সাথে লিফলেটের মাধ্যমে বিজ্ঞাপনের ব্যবস্থা করলেন। খুব স্বল্প সময়ের মধ্যেই তার 'কুইন' বিউটি পার্লারটি মিরপুর এলাকায় ব্যাপকভাবে প্রসার লাভ করলো। বর্তমানে মিসেস অনন্যা একজন সফল বিউটিশিয়ান। মিসেস অনন্যার ব্যবসায়টি কোন ধরনের?
(ক) ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় (খ) বৃহদায়তন ব্যবসায়
(গ) সমবায় (ঘ) অলাভজনক ব্যবসায়

৮. জনাব অর্নব ও জনাব পবন দুই ভাই একত্রে 'কিং প্রিন্টিং প্রেস' প্রতিষ্ঠা করলেন। এ প্রেসে তারা সর্বোচ্চ দক্ষতা প্রয়োগের মাধ্যমে ন্যূনতম ব্যয়ে অধিক পরিমাণে বিভিন্ন লেখকের বই ছাপানোর কাজ করেছেন। উদ্দীপকে কোন ধরনের উৎপাদন প্রক্রিয়ার কথা বলা হয়েছে?
(ক) উৎপাদন মাত্রা (খ) কাম্য উৎপাদন মাত্রা
(গ) মিতব্যয়ী উৎপাদন মাত্রা
(ঘ) অমিতব্যয়ী উৎপাদন মাত্রা

৯. কাম্য উৎপাদন মাত্রা একজন উৎপাদনকারীর জন্য যে ধরনের সুযোগ সৃষ্টি করে—
i. উৎপাদনশীলতা বৃদ্ধি ii. আধুনিক প্রযুক্তির কম ব্যবহার
iii. যন্ত্রপাতির সদ্ব্যবহার
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i ও iii

১০. স্বাধীনভাবে ব্যবস্থাপনা ও পরিচালনা কার্যক্রম সহজ হয় এমন এন্টারপ্রাইজ হলো—
i. ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ ii. বৃহদায়তন এন্টারপ্রাইজ
iii. সমবায় ভিত্তিক ব্যবসায়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব শাকিল আর্থিক সংকটের কারণে বেশি লেখাপড়ার সুযোগ পাননি। তাই যুব উন্নয়ন প্রশিক্ষণ একাডেমি থেকে কম্পিউটারে ট্রেনিং গ্রহণ করে মিরপুর মুক্তিযোদ্ধা মার্কেটে একটি দোকান নেন। তিনি সেখানে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করেন। এতে তিনি আর্থিকভাবে লাভবান হন।

১১. জনাব শাকিলের ব্যবসায়ের সাফল্যে কোনটি অধিক গুরুত্বপূর্ণ?
(ক) স্থান নির্বাচন (খ) আর্থিক সামর্থ্য
(গ) ঋণ সংগ্রহ (ঘ) প্রশিক্ষণের ব্যবস্থা

১২. আয়ের দৃষ্টিকোণ থেকে GNP এর সূত্র কোনটি?
(ক) $C + I + (X - M)$ (খ) $C + I + G + (X - M)$
(গ) $C + G + (X - M)$ (ঘ) $\Sigma r + \Sigma w + \Sigma i + \Sigma \pi$

১৩. বাংলাদেশের কৃষকরা কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করে। সরকারি বিভিন্ন সুযোগ-সুবিধার কারণে কৃষি উপকরণ আধুনিকীকরণ করে তারা বেশ উপকৃত হয়েছে। এতে তাদের উৎপাদন ও আয় বৃদ্ধি পেয়েছে। উদ্দীপকে উল্লেখিত কৃষকদের আয় কোন ধরনের আয়ের অন্তর্ভুক্ত?
(ক) মাথাপিছু আয় (খ) ব্যক্তিগত আয়
(গ) জাতীয় আয় (ঘ) দেশজ আয়

১৪. বাংলাদেশের অনেক লোক বহির্বিশ্বে কর্মরত আছে। প্রতিবছর তারা প্রচুর বৈদেশিক মুদ্রা দেশে প্রেরণ করে যা আমাদের মোট দেশজ আয়ের সাথে যুক্ত হয়। বিদেশ হতে প্রাপ্ত মোট অর্থ মোট দেশজ আয়ের সাথে যুক্ত হলে তাকে কী বলে?
(ক) মোট জাতীয় আয় (খ) নিট জাতীয় আয়
(গ) মাথাপিছু আয় (ঘ) মোট দেশজ আয়

১৫. জাতীয় আয়ের পরিমাণ থেকে কোন ধরনের অর্থনীতির চিত্র পাওয়া যায়?
i. দেশের অর্থনৈতিক উন্নয়ন
ii. মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন
iii. পণ্যের মান উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. জনাব জিকো সৌদি আরবে ৫ বছর যাবত সৌদি মিউনিসিপ্যালিতে উর্ধ্বতন নির্বাহী পদে চাকরি করছেন। তিনি পারিবারিক ব্যয় নির্বাহের জন্য নিয়মিতভাবে তার উপার্জিত আয়ের একটি উল্লেখযোগ্য অংশ দেশে প্রেরণ করেন।
(ক) মোট জাতীয় আয় (খ) মোট দেশজ আয়
(গ) নিট দেশজ আয় (ঘ) দৃশ্যমান আয়

১৭. রহমত সাহেব তার কারখানার শ্রমিকদের জন্য গ্রাচুইটি প্রবর্তন করেছেন। এতে শ্রমিকরা মন প্রাণ দিয়ে কাজ করে। ফলে উৎপাদন ব্যাপক বৃদ্ধি পায়। রহমান সাহেবের কারখানার উৎপাদন বৃদ্ধির কারণ কী?
(ক) শ্রমিকদের প্রশিক্ষণ প্রদানে
(খ) শ্রমিকদের জন্য গ্রাচুইটি প্রবর্তন
(গ) শ্রমিকদের শ্রমিক সংগঠন গঠন
(ঘ) শ্রমবিভাগ প্রবর্তন

১৮. মিসেস সানজিদা বিউটি ফ্যাশন লিমিটেডের মুখ্য ফ্যাশন ডিজাইনার ও উৎপাদন ব্যবস্থাপক। তিনি প্রতিনিয়ত ক্রেতাদের পছন্দ পর্যালোচনা করে সোয়েটার তৈরি করেন। এ কারণে তার কারখানার উৎপাদিত সোয়েটারের চাহিদা ক্রেতাদের কাছে সবচেয়ে বেশি। মিসেস সানজিদা সোয়েটার তৈরির ক্ষেত্রে কোন বিষয়টিকে গুরুত্ব দেন?
(ক) কম খরচে সোয়েটার তৈরি
(খ) ক্রেতাদের পছন্দ পর্যালোচনা করা
(গ) পণ্যের ধারাবাহিক উৎপাদন (ঘ) কারখানার বিন্যাস

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব ইসলাম একটি গার্মেন্টস কারখানায় উৎপাদন ব্যবস্থাপক। তার কারখানায় নিয়মিতভাবে উৎপাদন চালিয়ে যাওয়ার জন্য সব সময় পর্যাপ্ত পরিমাণ কাঁচামাল মজুদ রাখেন। তাছাড়া গার্মেন্টস সামগ্রীর মান-নিয়ন্ত্রণের উদ্দেশ্যে শ্রমিকদের প্রশিক্ষণ দেন। এতে উৎপাদনের পরিমাণ ও বৃদ্ধি পাবে বলে আশা করা হয়।

১৯. জনাব ইসলাম কোন উদ্দেশ্য অর্জনের জন্য পর্যাপ্ত পরিমাণ কাঁচামাল মজুদ রাখেন?
(ক) নিয়মিতভাবে উৎপাদন চালিয়ে যাওয়ার জন্য
(খ) বাজার সম্প্রসারণের জন্য
(গ) মুনাফা বৃদ্ধির জন্য
(ঘ) শ্রমিকদের বেতন ভাতা বৃদ্ধির জন্য

**উদ্দীপকটি পড়ো এবং ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব সোহেল চিত্রা টেক্সটাইলের উৎপাদন ব্যবস্থাপক। উন্নতমানের কাপড় উৎপাদনের জন্য তিনি জাপান থেকে মেশিন এবং দক্ষিণ কোরিয়া থেকে সুতা ডাইং সামগ্রী আমদানির পরামর্শ দেন। প্রতিষ্ঠানের মালিক তার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন।

http://teachingbd.com

২০. জনাব সোহেল কেন জাপান থেকে মেশিন এবং দক্ষিণ কোরিয়া থেকে সুতা ডাইং সামগ্রী আমদানির পরামর্শ দেন?
(ক) উন্নতমানের কাপড় উৎপাদনের জন্য
(খ) উন্নতমানের কাপড় রপ্তানি বৃদ্ধির জন্য
(গ) উৎপাদনের কাম্যস্তরে পৌছানের জন্য
(ঘ) ব্যয় হ্রাসের জন্য

২১. ডিজাইনকৃত পণ্যের সফলতা নির্ণয়ের বিষয়টি কিসের উপর নির্ভরশীল?
(ক) সামর্থ্য বিশ্লেষণ (খ) পরীক্ষামূলক উৎপাদন
(গ) ধারণা উন্নয়ন (ঘ) যন্ত্রপাতির উন্নয়ন

২২. জনাব রুমি একটি ফ্যাশন হাউস প্রতিষ্ঠা করার উদ্যোগ গ্রহণ করেন। তিনি ক্রেতার চাহিদা অনুযায়ী পণ্যের গুণগতমানের প্রতি লক্ষ্য রেখে টিন-এইজদের জন্য টি-শার্টের ডিজাইন করার সিদ্ধান্ত নেন। জনাব রুমি পণ্য ডিজাইনে কোন ধরনের কাজের প্রতি গুরুত্ব দেন?
(ক) উৎপাদন প্রক্রিয়ার উন্নয়ন (খ) পণ্যের মান উন্নয়ন
(গ) বন্টন ব্যবস্থার উন্নয়ন (ঘ) প্রযুক্তিগত উন্নয়ন

২৩. কোন ব্যবসায় সম্প্রসারণের প্রতিবন্ধকতা হচ্ছে—
i. স্থানের সংকট ii. উন্নত প্রযুক্তির অভাব
iii. অপর্যাপ্ত শ্রমিক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. BSTI-এর অর্থ কী
(ক) Bangladesh Standards and Testing Institution
(খ) Bangladesh stsnding and Testing Institution
(গ) British standard and Testing Institution
(ঘ) Bengal standard and Testing Institution

২৫. মান নিশ্চিতকরণের সুবিধা হলো—
(ক) কাঁচামালের মান ব্যবস্থাপনা
(খ) পণ্য বা সেবার মান অর্জন না করা
(গ) পণ্যের নমুনা পরীক্ষা না করা
(ঘ) অধিক পরিচালনা খরচ

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব সামাদ ঢাকার তেজগাঁও শিল্প এলাকায় একটি কারখানা স্থাপন করে পণ্য উৎপাদন করছেন। তিনি ইতোমধ্যে BSTI এর নিকট থেকে মান সনদ গ্রহণ করে উন্নতমানের পণ্য উৎপাদন করছেন। ফলে ক্রেতা ও ভোক্তারা তার নিকট থেকে পণ্য ক্রয়ে অধিক নিরাপত্তা ও নিশ্চয়তা বোধ করে।

২৬. BSTI কোন ধরনের মান নির্ধারণকারী প্রতিষ্ঠান—
(ক) স্থানীয় প্রতিষ্ঠান (খ) আঞ্চলিক প্রতিষ্ঠান
(গ) আন্তর্জাতিক প্রতিষ্ঠান (ঘ) গ্লোবাল প্রতিষ্ঠান

২৭. প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি উৎপাদন বৃদ্ধি করাকে বলে—
(ক) সংকোচনকারীর কৌশল (খ) সম্প্রসারণকারীর কৌশল
(গ) সম্পাদনকারীর কৌশল (ঘ) সংস্থাপনকারীর কৌশল

২৮. একটি প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার পরিমাণ প্রতিষ্ঠানে ব্যবহৃত কোন উপাদানের উপর ভিত্তি করে পরিমাণ করা যায়?
(ক) শিল্প পণ্য (খ) মজুদ পণ্য
(গ) কাঁচামাল (ঘ) সমাপনী মজুদ পণ্য

২৯. মিসেস স্বর্ণা ঢাকার মিরপুরে গার্মেন্স ফ্যাক্টরী পরিচালনা করেন। অর্ডার অনুসারে ২০ এপ্রিল ২০১৩ তারিখে পোশাক সরবরাহের কথা ছিল। কিন্তু অগ্নিকান্ডের কারণে তার ফ্যাক্টরীর উৎপাদন ব্যহত হয়। ফলে নির্দিষ্ট সময়ে পণ্য সরবরাহ করতে ব্যর্থ হন। কোন কৌশলের ব্যর্থতার কারণে মিসেস স্বর্ণা অর্ডার অনুযায়ী পণ্য সরবরাহ করতে ব্যর্থ হন।
(ক) সঞ্চিত উৎপাদন ক্ষমতা
(খ) সময় ও আয়তন
(গ) উৎপাদন ক্ষমতা ও অন্যান্য সিদ্ধান্তের মধ্যে সম্পর্ক
(ঘ) উৎপাদন ক্ষমতা ব্যবহারের পরিমাণ

**উদ্দীপকটি পড়ো এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব রফিক ও জনাব রাশেদ দু'জন একটি উৎপাদন কারখানা চালু করলো। উক্ত প্রতিষ্ঠানের দৈনিক সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা হলো এক লক্ষ ইউনিট। বাজারে পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়ার পরেও কাঁচামালের স্বল্পতা ও কর্মীদের অদক্ষতার কারণে উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হচ্ছে না।

৩০. রফিক ও রাশেদ কারখানায় এক লক্ষ ইউনিট পণ্য উৎপাদন করাকে কী বলে?
(ক) উৎপাদন ক্ষমতার পরিমাপ (খ) উৎপাদন ক্ষমতার পরিকল্পনা
(গ) উৎপাদন ক্ষমতা ব্যবহার (ঘ) উৎপাদন ক্ষমতা

৩১. আয়-ব্যয়-সঞ্চয় নিচের কোন পরিবেশের অন্তর্ভুক্ত?
(ক) রাজনৈতিক (খ) অর্থনৈতিক
(গ) প্রযুক্তিগত (ঘ) সাংস্কৃতিক

৩২. বাংলাদেশের গার্মেন্টস শিল্প গড়ে উঠেছে কিসের উপর ভিত্তি করে?
(ক) অনুকূল জলবায়ু
(খ) কাঁচামালের সহজ প্রাপ্যতা
(গ) জ্বালানি ও শক্তি সম্পদের পর্যাপ্ততা
(ঘ) শ্রমিকদের সহজপ্রাপ্যতা ও সস্তা শ্রম

৩৩. বাংলাদেশের স্টীল মিলগুলোর আকরিক লৌহের চাহিদা ব্যাপক। এ চাহিদা পূরণের সাথে সাথে মুনাফা অর্জনের উদ্দেশ্যে চট্টগ্রামের ভাটিয়ারীতে শিপ-ব্রেকিং ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে। দেশ ও বিদেশ হতে পরিত্যক্ত শিপগুলো ক্রয় করে এনে এখানে কাটা হয় এবং প্রাপ্ত লোহা দেশের বিভিন্ন স্টীল মিলে সরবরাহ করা হয়। চট্টগ্রামের ভাটিয়ারীতে শিপ-ব্রেকিং ইন্ডাস্ট্রি গড়ে উঠার কারণ কী?
i. স্টীল মিলগুলোর আকরিক লৌহের চাহিদা পূরণ
ii. পরিত্যক্ত শিপগুলো কেটে জঞ্জাল পরিস্কারকরণ
iii. মুনাফা অর্জন
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজশাহী ও তার আশে পাশের জেলাগুলোর মাটি ও জলবায়ু আম চাষের উপযোগী। এখানে মৌসুমে প্রচুর সুস্বাদু ও মিষ্টি আম পাওয়া যায়। বর্তমানে ম্যাঙ্গো জুসের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এ কারণে জনাব মাহিন রাজশাহীতে একটি ম্যাংগো জুস ফ্যাক্টরি গড়ে তোলার সিদ্ধান্ত নেন।

৩৪. রাজশাহী ও আশে পাশের জেলাগুলো কেন আম চাষের উপযোগী?
(ক) সরকারি সাহায্য সহযোগিতার কারণে
(খ) মাটি ও আবহাওয়ার কারণে
(গ) পর্যাপ্ত শ্রমিক পাওয়ার কারণে
(ঘ) স্থানীয় লোকজন আম চাষে আগ্রহী বলে

৩৫. জনাব মাহিন কি কারণে রাজশাহীতে ম্যাঙ্গো জুস ফ্যাক্টরি গড়ে তোলার সিদ্ধান্ত নেন?
i. প্রচুর সুস্বাদু ও মিষ্টি আম পাওয়া যায়
ii. ম্যাঙ্গো জুসের চাহিদা ব্যাপক
iii. ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) i ও iii

৩৬. প্রসেস লে-আউটে কোন ধরনের নীতি অনুসরণ করা হয়—
(ক) পণ্য (খ) বন্টন
(গ) বিক্রয় (ঘ) বিশেষজ্ঞতার

৩৭. কোন লে-আউটের উদ্দেশ্য সমজাতীয় যন্ত্রপাতিতে এক বিভাগে অন্তর্ভুক্ত করা?
(ক) প্রসেস লে-আউট (খ) ফিক্সড পজিশন লে-আউট
(গ) প্রোডাক্ট লে-আউট (ঘ) রিটেইল লে-আউট

৩৮. জনাব সালফি চাঁপাইনবাবগঞ্জ থেকে প্রচুর পরিমাণে বিভিন্ন প্রজাতির উন্নতমানের আম কম দামে কিনে ঢাকায় এনে কোল্ড স্টোরেজে মজুদ করেন। ভোক্তাদের চাহিদা অনুসারে সে আমগুলো বিক্রয়ের মাধ্যমে তিনি বিপুল পরিমাণ মুনাফা অর্জন করেন। উদ্দীপকে জনাব সালফির ব্যবসায়টি কোন ধরনের লে-আউটের অন্তর্ভুক্ত?
(ক) প্রসেস লে-আউট (খ) প্রোডাক্ট লে-আউট
(গ) ফিক্সড পজিশন লে-আউট (ঘ) ওয়্যারহাউজ লে-আউট

৩৯. প্রোডাক্ট লে-আউট যে ধরনের উৎপাদনের ক্ষেত্রে বেশি ব্যবহৃত হয়—
i. ক্ষুদ্রায়তন উৎপাদন মাঝারি এন্টারপ্রাইজ
ii. মাঝারি উৎপাদন
iii. বৃহদায়তন উৎপাদন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪০ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব তাহনা উত্তরার সানমুন প্রোপারটিজ নামে একটি ডেভেলপার কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক কাজে লাগিয়ে কাঁচামাল ও যন্ত্রপাতি সরবরাহ করে মাল্টিস্টোরিড বিল্ডিং এর নির্মাণ কাজ দুই বছরের মধ্যে সুষ্ঠুভাবে সম্পাদন করতে সক্ষম হলেন।

৪০. জনাব তাহনার এ ব্যবসায়টি কোন ধরনের লে-আউটের অন্তর্ভুক্ত?
(ক) প্রসেস লে-আউট (খ) ফিক্সড পজিশন লে-আউট
(গ) প্রোডাক্ট লে-আউট (ঘ) সার্ভিস লে-আউট

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ ক | ২ গ | ৩ খ | ৪ ঘ | ৫ গ | ৬ ক | ৭ ক | ৮ খ | ৯ ঘ | ১০ ক | ১১ ঘ | ১২ খ | ১৩ গ | ১৪ ক | ১৫ ক | ১৬ ক | ১৭ খ | ১৮ ঘ | ১৯ ক | ২০ ঘ |
| | ২১ গ | ২২ খ | ২৩ ঘ | ২৪ ক | ২৫ ক | ২৬ ক | ২৭ খ | ২৮ গ | ২৯ ঘ | ৩০ গ | ৩১ খ | ৩২ ঘ | ৩৩ ঘ | ৩৪ খ | ৩৫ গ | ৩৬ ঘ | ৩৭ ক | ৩৮ ঘ | ৩৯ গ | ৪০ ঘ |

http://teachingbd.com